



## বিষয় : ক্রিয়াপদ

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। যে পদের দ্বারা কোন কাজ করা বোঝায় তাকে বলে —  
(ক) কর্ম (খ) বিশেষণ  
(গ) ক্রিয়া (ঘ) অব্যয়
- ২। বাক্যে ক্রিয়াপদের অবস্থান সাধারণত কোন অংশে?  
(ক) বিধেয় (খ) উদ্দেশ্য  
(গ) মাঝে (ঘ) কোনটি নয়
- ৩। সকালে উঠিয়া আমি মনে মনে বলি। অসমাপিকা ক্রিয়া কোনটি?  
(ক) সকালে (খ) আমি  
(গ) বলি (ঘ) উঠিয়া
- ৪। আমি মাকে একটি চিঠি লিখব। 'মাকে' কোন পদ?  
(ক) বিশেষ্য (খ) গৌণ কর্ম  
(গ) সমাপিকা ক্রিয়া (ঘ) কর্ম পদ
- ৫। ছেলোট খুব ঘুম ঘুমিয়েছে। 'ঘুম' কি পদ?  
(ক) সকর্মক ক্রিয়া (খ) অসমাপিকা ক্রিয়া  
(গ) সমধাতুজ কর্ম (ঘ) কোনটি নয়
- ৬। অর্থের সম্পূর্ণতা অনুসারে ক্রিয়া কয় প্রকার?  
(ক) দুই (খ) তিন  
(গ) চার (ঘ) পাঁচ
- ৭। ছেলেরা খেলছে। 'খেলছে' কোন ক্রিয়াপদ?  
(ক) সমাপিকা (খ) অসমাপিকা  
(গ) সকর্মক (ঘ) অকর্মক
- ৮। আর মায়া কান্না কেঁদে লাভ নেই। 'কান্না' পদটি হল —  
(ক) সমধাতুজ কর্ম (খ) গৌণ কর্ম  
(গ) মুখ্য কর্ম (ঘ) কোনটি নয়
- ৯। শিক্ষক মহাশয় ছাত্রকে একথা জিজ্ঞাসা করলেন। 'ছাত্রকে' কোন পদ?  
(ক) কর্ম পদ (খ) বিশেষ্য পদ  
(গ) গৌণ কর্ম (ঘ) অসমাপিকা ক্রিয়া
- ১০। সময় চলিয়া যায় নদীর স্রোতের ন্যায়। 'চলিয়া' হল —  
(ক) সমাপিকা ক্রিয়াপদ (খ) অকর্মক ক্রিয়াপদ  
(গ) সকর্মক ক্রিয়াপদ (ঘ) অসমাপিকা ক্রিয়াপদ

- ১১। রমেন খাচ্ছে। ‘খাচ্ছে’ কোন ক্রিয়াপদ?  
(ক) অকর্মক (খ) অসমাপিকা ক্রিয়া  
(গ) বিশেষণ (ঘ) কোনটি নয়
- ১২। মীরা নাচতে নাচতে ....., ‘নাচতে নাচতে’ কোন পদ?  
(ক) সকর্মক ক্রিয়া (খ) অসমাপিকা ক্রিয়া  
(গ) অকর্মক ক্রিয়া (ঘ) কোনটি নয়
- ১৩। অসীম বই পড়ছিল। ‘পড়ছিল’ কোন ক্রিয়াপদ?  
(ক) সকর্মক ক্রিয়াপদ (খ) অকর্মক ক্রিয়াপদ  
(গ) সমধাতুজ কর্ম (ঘ) কোনটি নয়
- ১৪। আমি কলকাতায় গিয়েছিলাম। ‘গিয়েছিলাম’ হল —  
(ক) কর্মপদ (খ) বিশেষণ পদ  
(গ) ক্রিয়াপদ (ঘ) কোনটি নয়
- ১৫। যে বস্তুকে অবলম্বন করে কাজ হয়, তা হল —  
(ক) কর্ম পদ (খ) ক্রিয়াপদ  
(গ) গৌণ কর্ম (ঘ) মুখ্য কর্ম

Amit Kundu

\*\*\*\*\*